



স্মারক নম্বর : ৪৩.২৬.৮৯০০.০০০.২৩.০০১.০৬.১৪১

তারিখ: ৭ অগ্রহায়ণ ১৪২৭  
২২ নভেম্বর ২০২০

### বিজ্ঞপ্তি

বিষয়: মহান বিজয় দিবস ২০২০ উপলক্ষ্যে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা

মহান বিজয় দিবস ২০২০ উপলক্ষ্যে গণগ্রন্থাগার অধিদপ্তরের নির্দেশনানুযায়ী জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর কর্তৃক নিম্নোক্ত বিষয়ে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতাসমূহে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী অংশগ্রহণের জন্য আহ্বান করা হচ্ছে।

১। রচনা প্রতিযোগিতা :

ক্র.নং.	গ্রুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	সর্বোচ্চ শব্দসীমা
১.	ক	পঞ্চম-অষ্টম	আমাদের বিজয় আমাদের আনন্দ	১০০০
২.	খ	নবম-দ্বাদশ	বঙ্গবন্ধু ও বাংলাদেশ	১২০০
৩.	গ	স্নাতক-স্নাতকোত্তর	মুজিব শতবর্ষের বিজয় দিবস	১৫০০
৪.	ঘ	সর্বসাধারণ	বিজয় দিবসের প্রেক্ষাপট ও তাৎপর্য	১৮০০

শর্তাবলি :

- রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার একদিকে লিখতে হবে, উভয় পৃষ্ঠায় লেখা যাবে না।
- ছাত্রছাত্রীদের রচনার সাথে স্টুডেন্ট আইডি কার্ড/ স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক এবং অন্যান্য প্রতিযোগীর রচনা জাতীয় পরিচয়পত্রের ফটোকপি অথবা প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ জমা দিতে হবে।
- রচনায় অবশ্যই জমাদানকারীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
- রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার অধিক হলে তা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।
- রচনার শেষে তথ্যসূত্র বা যেসকল বইয়ের সাহায্য নেয়া হয়েছে তার উল্লেখ করতে হবে।
- রচনা জমা দেয়ার শেষ তারিখ ১৪.১২.২০২০ খ্রি.।

২। চিত্রাংকন প্রতিযোগিতা :

ক্র.নং.	গ্রুপ	বয়সসীমা	চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়	চিত্র জমা দেয়ার শেষ তারিখ ও স্থান
১.	ক	অনূর্ধ্ব-৭ বছর	উন্মুক্ত	১৪/১২/২০২০ জেলা সরকারি গণগ্রন্থাগার শেরপুর
২.	খ	অনূর্ধ্ব-১২ বছর	আমাদের বিজয় দিবস	
৩.	গ	প্রতিবন্ধী	উন্মুক্ত	

শর্তাবলি :

- চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণেছু প্রত্যেক প্রতিযোগীকে স্বহস্তে আর্ট পেপারে অংকিত চিত্র আগামী ১৪/১২/২০২০ তারিখের মধ্যে অত্র দপ্তরে সরাসরি / ডাকযোগে জমা দিতে হবে।
- অংকিত চিত্রের সাথে প্রতিযোগীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা, মোবাইল নম্বর উল্লেখ করতে হবে এবং শিক্ষা প্রতিষ্ঠানের আইডি কার্ড ও জন্ম সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

২২/১১/২০২০

(সাজ্জাদুল করিম)

লাইব্রেরিয়ান

ফোন : ০৯৩১-৬১৬১৪


ই-মেইল : dplsherpur@gmail.com

স্মারক নম্বর : ৪৩.২৬.৮৯০০.০০০.২৩.০০১.০৬.১৪১

তারিখ: ৭ অগ্রহায়ণ ১৪২৭  
২২ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মহাপরিচালক (অতিরিক্ত সচিব), গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা
২. জেলা প্রশাসক, শেরপুর
৩. পুলিশ সুপার, শেরপুর
৪. অধ্যক্ষ, -----, শেরপুর
৫. জেলা শিক্ষা কর্মকর্তা, শেরপুর (শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
৬. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, শেরপুর (শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
৭. জেলা তথ্য অফিসার, শেরপুর (বিষয়টি মাইকযোগে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)
৮. জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, শেরপুর
৯. উপজেলা নির্বাহী অফিসার (সকল), শেরপুর
১০. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা -----, শেরপুর (শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
১১. উপজেলা শিক্ষা কর্মকর্তা -----, শেরপুর (শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
১২. প্রধান শিক্ষক, -----, শেরপুর
১৩. সম্পাদক, ----- (আপনার বহুল প্রচারিত পত্রিকায় প্রেস বিজ্ঞপ্তি হিসেবে প্রকাশের অনুরোধ করা হলো।
১৪. অফিস কপি

  
২২/১১/২০২০  
(সাজ্জাদুল করিম)  
লাইব্রেরিয়ান